# Flexidol [ Aceclofenac BP ]

NSAID

## Composition
Flexidol tablet: Each film coated tablet contains Aceclofenac BP 100 mg.

## Pharmacology
Flexidol is a non-steroidal anti-inflammatory agent. This drug exhibits anti-inflammatory, analgesic and activity. Flexidol is an inhibitor of prostaglandin synthesis.

## Indication
For the relief of pain and inflammation in osteoarthritis, rheumatoid arthritis and ankylosing spondylitis.

## Dosage & administration
*Adults:* The recommended dose is 100 mg, twice daily.
*Children:* There are no clinical data on the use of Aceclofenac in children.

## Contra-indication
This preparation is contraindicated in patients with known hypersensitivity to Aceclofenac or any other components of this preparation. This preparation should not be given to patients who have experienced asthma, urticaria.

## Warning & precaution
Use of Aceclofenac should be avoided in patients with gastro-intestinal disorders and gastro-duodenal ulcer. In case of severe hepatic or renal damage or disturbance of cardiac function, a close medical surveillance is indicated. Blood counts including platelet counts, as well as monitoring of hepatic and renal functions are recommended, particularly in patients under long-term therapy.

## Side effects
Aceclofenac is generally well tolerated, but occasionally patient may complain gastric discomfort, nausea & dizziness. In exceptional cases, very sensitive patients may suffer from gastro-intestinal bleeding, skin rashes and thrombocytopenia.

## Use in pregnancy & lactation
*Pregnancy:* This drug should be avoided in pregnancy.
*Lactation:* Aceclofenac should be avoided during lactation period.

## Use in children & adolescents
There are no clinical data on the use of Aceclofenac in children.

## Drug interaction
Lithium and Digoxin: Aceclofenac, like many NSAIDs may increase plasma concentrations of lithium and Digoxin.
Diuretics: Aceclofenac, like other NSAIDs, may interact the activity of diuretics.
Anticoagulants: Like other NSAIDs, Aceclofenac may enhance the activity of anticoagulant. Close monitoring of patients on combined anticoagulants and Aceclofenac therapy should be undertaken.
Methotrexate: Caution should be exercised if NSAIDs and Methotrexate are administered within 24 hours of each other, since NSAIDs may increase Methotrexate plasma levels, resulting in increased toxicity.

## Overdose
There are no human data available on the consequences of Aceclofenac over dosage. If over dosage is observed, therapeutic measures should be taken according to symptoms; supportive and symptomatic treatment should be given for complications such as hypotension, gastro-intestinal irritation, respiratory depression, and convulsions.

## Storage
Keep out of the reach of children. **Keep below 30⁰C, protect from light.**

## Packing
Flexidol tablet: Each box contains 10x10's tablet in blister pack

Manufactured for
**SMC ENTERPRISE LTD**, Zamirdia, Bhaluka, Mymensingh
by **Julphar Bangladesh Ltd.**, Faridpur, Sreepur, Gazipur

# ফ্লেক্সিডল [ এসিক্লোফেনাক বিপি ]

এনএসএআইডি

## উপাদান
ফ্লেক্সিডল ট্যাবলেট: প্রতিটি ফিল্ম কোটেড ট্যাবলেটে আছে এসিক্লোফেনাক বিপি ১০০ মি. গ্রা.।

## ফার্মাকোলজি
ফ্লেক্সিডল (এসিক্লোফেনাক) একটি নন্-স্টেরয়ডাল এন্টি-ইনফ্লামেটরি ড্রাগ। এই ওষুধটি প্রদাহবিরোধী, ব্যথানাশক কার্যকারিতা দেখায়। এসিক্লোফেনাক প্রোস্টাগ্ল্যান্ডিন উৎপাদনে বাধাদানকারী।

## নির্দেশনা
বাতজনিত অন্যান্য ও অস্থিসংশ্লিষ্ট ব্যথা এবং প্রদাহে নির্দেশিত।

## মাত্রা এবং সেবনবিধি
*প্রাপ্ত বয়স্ক:* ১০০ মি. গ্রা. করে দৈনিক দুইবার।
*শিশুদের ক্ষেত্রে:* শিশুদের ক্ষেত্রে উপযুক্ত নয়।

## প্রতিনির্দেশনা
যে সকল রোগী এসিক্লোফেনাকের প্রতি অতিসংবেদনশীল, তাদের ক্ষেত্রে এই ওষুধটি প্রতিনির্দেশিত। যে সকল রোগীর হাঁপানী, আর্টিক্যারিয়া আছে তাদের ক্ষেত্রে এই ওষুধটি প্রতিনির্দেশিত।

## সতর্কতা
যে সকল রোগী এসিক্লোফেনাক প্রতি অতিসংবেদনশীল, তাদের ক্ষেত্রে এই ওষুধটি প্রতিনির্দেশিত। যে সকল রোগীর পেপটিক আলসার অথবা পরিপাকতন্ত্রের রক্তক্ষরণের সমস্যা আছে অথবা অন্যান্য এনএসএআইডি সংশ্লিষ্ট হাঁপানী, আর্টিক্যারিয়া অথবা এলার্জিক বিক্রিয়া দেখা দেয়, তাদের ক্ষেত্রে এই ওষুধটি প্রতিনির্দেশিত। করোনারি আর্টারি বাইপাস গ্রাফটিং সার্জারির আগে ও পরে ব্যথার চিকিৎসায় এসিক্লোফেনাক প্রতিনির্দেশিত।

## পার্শ্ব প্রতিক্রিয়া
এসিক্লোফেনাক সাধারণত: সুসহনীয়। তবে কখনও কখনও পাকস্থলির অস্বস্থি, বমি বমি ভাব, ঝিমুনি দেখা যায়। খুব অল্পসংখ্যক অতিসংবেদনশীল রোগীদের ক্ষেত্রে পরিপাকতন্ত্রের রক্তক্ষরণ, র‌্যাশ ও অনুচক্রিকার সংখ্যা হ্রাস হওয়া দেখা যায়।

## গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার
গর্ভাবস্থায় ও স্তন্যদানকালীন সময়ে এসিক্লোফেনাকের ব্যবহার করা উচিত নয়।

## শিশুদের ও কিশোরদের ক্ষেত্রে ব্যবহার
শিশুদের ক্ষেত্রে উপযুক্ত নয়।

## অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া
লিথিয়াম এবং ডিজক্সিন: অন্যান্য এনএসএআইডি এর মত এসিক্লোফেনাকও লিথিয়াম এবং ডিজক্সিন এর প্লাজমার ঘনত্ব বাড়িয়ে দিতে পারে।
ডাইয়ুরেটিক্স: অন্যান্য এনএসএআইডি এর মত এসিক্লোফেনাক, ডাইয়ুরেটিক্সের কার্যকারিতায় প্রতিক্রিয়া তৈরি করতে পারে।
এন্টিকোয়াগুলেন্ট: অন্যান্য এনএসএআইডি এর মত এসিক্লোফেনাক, এন্টিকোয়াগুলেন্টের কার্যকারিতা বাড়িয়ে দিতে পারে। সম্মিলিত এন্টিকোয়াগুলেন্টস এবং এসাইক্লোফেনাক থেরাপি নেয়া রোগীদের নিবিড় পর্যবেক্ষণে রাখা উচিত।
মেথোট্রেক্সেট: এনএসএআইডি গ্রহনের ২৪ ঘন্টার মধ্যে মেথোট্রেক্সেট গ্রহনের ক্ষেত্রে সাবধানতা অবলম্বন করা উচিত, যেহেতু এনএসএআইডিগুলো মেথোট্রেক্সেট প্লাজমার লেভেল বাড়িয়ে দিতে পারে, ফলে বিষাক্ততা বৃদ্ধি পায়।

## অতিমাত্রা
মানব দেহে এসিক্লোফেনাকের মাত্রাধিক্যের কোন ঘটনা জানা যায়নি। তবে যদি মাত্রাধিক্যতা পরিলক্ষিত হয় তবে উপসর্গ অনুযায়ী থেরাপিউটিক ব্যবস্থা নেওয়া উচিত; এছাড়াও কিছু জটিলতা যেমন, হাইপোটেনশন, পাকস্থলীর অস্বস্তিভাব, শ্বাস প্রশ্বাসের সমস্যা, খিঁচুনি ইত্যাদি দেখা গেলে উপসর্গ অনুযায়ী সাধারণ সহায়ক পদক্ষেপগুলি নির্দেশিত হয়।

## সংরক্ষণ
শিশুদের নাগালের বাইরে রাখুন। **আলো থেকে দূরে, ৩০°সে. তাপমাত্রার নিচে রাখুন।**

## সরবরাহ
ফ্লেক্সিডল ট্যাবলেট: প্রতি বাক্সে আছে ১০X১০ টি ট্যাবলেট ব্লিস্টার প্যাকে।

SMC

**এসএমসি এন্টারপ্রাইজ লি:**, জামিরদিয়া, ভালুকা, ময়মনসিংহ এর জন্য **জুলফার বাংলাদেশ লি:**, ফরিদপুর, শ্রীপুর, গাজীপুর কর্তৃক প্রস্তুত।